

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়
নগর উন্নয়ন অধিদপ্তর



বিষয়: নগর উন্নয়ন অধিদপ্তরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ) টিমের সভার(মার্চ/২০২১) কার্যবিবরণী

সভাপতি	উদয় শংকর দাস সিনিয়র প্ল্যানার ও এপিএ টিম প্রধান
সভার তারিখ	২৮/০৩/২০২১
সভার সময়	বেলা ০৩:০০ ঘটিকা
স্থান	সভাপতির কক্ষ, নগর উন্নয়ন অধিদপ্তর ভবন, ৮-২, সেগুনবাগিচা, ঢাকা
উপস্থিতি	সংযুক্ত

আলোচনার শুরুতে সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। তিনি ২০২০-২১ অর্থ বছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ) অনুসারে ৩য় কোয়ার্টারের অগ্রগতি অর্জন প্রতিবেদন নির্ধারিত তারিখের পূর্বে APAMS এ দাখিল করার লক্ষ্যে সংশ্লিষ্ট বাস্তবায়নকারী কর্মকর্তাগণকে আগামী ০৪/০৩/২০২১ তারিখের মধ্যে প্রদান করার কথা বলেন। তাছাড়া সভায় আঞ্চলিক অফিসের ১০ম গ্রেড ও তদুর্ধ্ব প্রত্যেক কর্মচারীদের এপিএ বিষয়ে প্রশিক্ষণ প্রদান, এপিএ বাস্তবায়নে প্রনোদনা প্রদান ও ডেভেলপমেন্ট প্ল্যান এর বছর/সেক্টর ভিত্তিক পরিকল্পনা বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন প্রেরণ বিষয়ে আলোচনা হয়।

সভার আলোচনা শেষে নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়ঃ

১। ৩য় কোয়ার্টারের অর্জন APAMS এ দাখিল করার লক্ষ্যে সদর দপ্তরের কর্ম সম্পাদন সূচক বাস্তবায়নের সাথে সম্পৃক্ত কর্মকর্তাগণকে আগামী ০৪/০৩/২০২১ তারিখের মধ্যে তাদের স্ব-স্ব অর্জ ন প্রতিবেদন এপিএ টিম প্রধান বরাবর দাখিল করার জন্য সিদ্ধান্ত গ্রহন করা হয়।

২। এপিএ বাস্তবায়নে প্রনোদনা প্রদানের (এম.২.৫.১) লক্ষ্যে আঞ্চলিক অফিস সমূহের এপিএ বাস্তবায়ন অগ্রগতি মূল্যায়নের লক্ষ্যে আগামী ০৪/০৩/২০২১ তারিখের মধ্যে সকল প্রমাণকসহ আঞ্চলিক অফিস সমূহের এপিএ বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন প্রধান কার্যালয়ে দাখিল করবে মর্মে সিদ্ধান্ত গ্রহন করা হয়।

৩। আঞ্চলিক অফিসের ১০ম গ্রেড ও তদুর্ধ্ব প্রত্যেক কর্মচারীদের এপিএ বিষয়ে প্রশিক্ষণ স্ব-স্ব আঞ্চলিক অফিস আয়োজন করবে। এক্ষেত্রে প্রশিক্ষক মন্ত্রণালয়/সদর দপ্তর থেকে যোগাযোগ করে সময় নির্ধারণ করার সিদ্ধান্ত গ্রহন করা হয়।

৪। ডেভেলপমেন্ট প্ল্যান এর বছর/সেক্টর ভিত্তিক পরিকল্পনা বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন সংশ্লিষ্ট আঞ্চলিক অফিস নিজস্ব ফরম্যাটে দাখিল করবেন মর্মে সিদ্ধান্ত গ্রহন করা হয়।

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি মহোদয় সভার সমাপ্তি ঘোষণা করেন।

উদয় শংকর দাস

সিনিয়র প্ল্যানার ও এপিএ টিম প্রধান

স্মারক নম্বর: ২৫.৪৫.০০০০.০০২.৯৯.০৫৭.১৮.১০


তারিখ: ১৫ চৈত্র ১৪২৭

২৯ মার্চ ২০২১

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

- ১) অতিরিক্ত সচিব, মনিটরিং ও আইন অনুবিভাগ, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়
- ২) পরিচালক, পরিচালক এর দপ্তর, নগর উন্নয়ন অধিদপ্তর
- ৩) উপ-পরিচালক, উপ-পরিচালক এর দপ্তর(গবেষণা ও সমন্বয়), নগর উন্নয়ন অধিদপ্তর

- ৪) উপসচিব, বাজেট শাখা-৪, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়
- ৫) সিনিয়র কর্মকর্তাবৃন্দ, নগর উন্নয়ন অধিদপ্তর, ঢাকা
- ৬) সিনিয়র প্ল্যানার, সিলেট আঞ্চলিক অফিস, নগর উন্নয়ন অধিদপ্তর, সিলেট
- ৭) সিনিয়র প্ল্যানার, থানা সেন্টার প্লানিং-২, নগর উন্নয়ন অধিদপ্তর
- ৮) সিনিয়র প্ল্যানারবৃন্দ আঞ্চলিক অফিস, নগর উন্নয়ন অধিদপ্তর
- ৯) সহকারী প্রকৌশলী, সহকারী প্রকৌশলী(সার্ভে), নগর উন্নয়ন অধিদপ্তর
- ১০) সিনিয়র প্ল্যানার (অতিরিক্ত দায়িত্ব), রাজশাহী আঞ্চলিক অফিস, নগর উন্নয়ন অধিদপ্তর, রাজশাহী
- ১১) প্রধান কার্যালয়ের কর্মকর্তাবৃন্দ
- ১২) প্রশাসনিক কর্মকর্তা, প্রশাসন শাখা, নগর উন্নয়ন অধিদপ্তর



মোহাম্মদ নুরুল ইসলাম
সহকারী প্রকৌশলী